# Durga Puja 2024: সাগর পাড়ের সাবেক পুজো, অষ্টমীর অঞ্জলি থেকে ভোগ, দশমীর সিঁদুর খেলা, মা দুর্গার আরাধনায় বিলেতের বাঙালিরা

Durga Puja Dorset Indian Association: বেনারসি শাড়ি, ফুলের মালা, অস্ত্র, গহনায় মৃন্ময়ীর রূপ আপনাকে আকর্ষণ করবে, একথা নিশ্চিত ভাবেই বলা যায়। এবছর পুজো হচ্ছে ডরসেটের Horton & Village Chalbury হল- এ।

By : ABP Ananda | Updated at : 11 Oct 2024 01:04 AM (IST)



ডরসেটের দুর্গাপুজো- ছবি সৌজন্যে রোহন সেন




ছবি সৌজন্যে- রোহন সেন। মা দুর্গা বিলেতে পাড়ি দিয়েছেন বহু বছর ধরেই। বাংলার মতো বর্তমানে বিদেশের মাটিতে বিভিন্ন প্রান্তে মা দুর্গার আরাধনায় ব্রতী হন বিলেতের বাঙালিরা।




ছবি সৌজন্যে- রোহন সেন। প্রবাসের পুজোর তালিকায় অনেকদিন ধরেই বেশ জনপ্রিয় ডরসেট ইন্ডিয়ান অ্যাসোসিয়েশনের দুর্গাপুজো। থিমের চাকচিক্য নয়, বরং সাবেক পুজোয় উদ্যোক্তাদের পছন্দ।




ছবি সৌজন্যে- রোহন সেন। রীতি-নীতি মেনে নিষ্ঠা ভরে ইতিমধ্যেই মায়ের পুজো শুরু হয়ে গিয়েছে ডরসেটে। যোগ দিয়েছেন নয় নয় করেও প্রায় ২০০ মানুষ।




ছবি সৌজন্যে- রোহন সেন। আট থেকে আশি উৎসবে মেতেছেন সকলেই। সাধারণত বিদেশের দুর্গা পুজোর সময় বাংলার সঙ্গে বেশিরভাগ ক্ষেত্রেই দিনক্ষণে মেলে না। কিন্তু ডরসেটের পুজো এখানকার দিনক্ষণেই শুরু হয়েছে।




ছবি সৌজন্যে- রোহন সেন। প্রতিমার সাজে রয়েছে সাবেক-ঐতিহ্যের ছোঁয়া। একঝলক দেখলে উত্তর কলকাতার পুরনো পুজোগুলোর সঙ্গে মায়ের সাজসজ্জার মিল পেতে পারেন আপনি।




ছবি সৌজন্যে- রোহন সেন। বেনারসি শাড়ি, ফুলের মালা, অস্ত্র, গহনায় মৃন্ময়ীর রূপ আপনাকে আকর্ষণ করবে, একথা নিশ্চিত ভাবেই বলা যায়। এবছর পুজো হচ্ছে ডরসেটের Horton & Village Chalbury হল- এ।





ছবি সৌজন্যে- রোহন সেন। বাংলার মতোই পাঁচদিন ধরে চলবে পুজো। অষ্টমীর অঞ্জলি, ভোগ, দশমীর সিঁদুরখেলা- আনন্দ আয়োজনের তালিকায় থাকছে সবই।




ছবি সৌজন্যে- রোহন সেন। বাঙালিদের পুজো, আর সাংস্কৃতিক অনুষ্ঠান হবে না, তা কী করে হয়। তাই নিয়ম মেনে পুজোর ফাঁকে থাকছে নাচ-গান-শ্রুতি নাটকের অনুষ্ঠানও। যোগ দেবেন স্থানীয়রাই। বড়দের সঙ্গে ছোটরাও কিন্তু সমানতালে যোগ দেবেন বিভিন্ন সাংস্কৃতিক অনুষ্ঠানে।




ছবি সৌজন্যে- রোহন সেন। সারাবছর কাজের চাপে ইঁদুর দৌড়ের জীবন। তার মাঝে বছরভর প্রতীক্ষা থাকে মায়ের আগমনের। এই আবেগ কিন্তু পশ্চিমবঙ্গের থেকে সাগরপাড়ে কোনও অংশে কম নয়। তাই ট্র্যাডিশনাল সাজ থেকে শুরু করে বাকি সবকিছুতেই থাকছে ঐতিহ্যের ছোঁয়া।




ছবি সৌজন্যে- রোহন সেন। অন্যান্য বছরের মতোই এবছরও ডরসেটে মা দুর্গার পুজো চলছে নিয়ম নিষ্ঠা মেনে। আগামী দিনেও এই পুজো এগিয়ে চলুক আরও সাফল্যের হাতে ধরে।

Published at : 11 Oct 2024 01:02 AM (IST)

**Tags :** DUrga Puja | Durga PUja 2024